

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৫.১৭-৫৭৫

তারিখঃ ২০ কার্তিক ১৪২৬ ব.
০৫ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১০৬২/২০১৫ এবং ৩১৩০/২০১৬ মামলার একত্রে ঘোষিত ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশ এবং তৎপ্রেক্ষিতে দায়েরকৃত সিপিএলএ নং-১৪৮০/২০১৮ এবং ১২৫৪/২০১৮ মামলার ১৪/০৭/২০১৯ তারিখের রায় বাস্তবায়ন

সূত্রঃ (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/৫/২০১০ খ্রি।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখ: ৩১/৫/২০১০ খ্রি।
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, তারিখ: ১৬/৬/২০১০ খ্রি।
(৪) জোসনা খাতুন, ট্রেড ইন্সট্রাক্টর, শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর এর আবেদন তারিখ: ২৬/০৮/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখাটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রোক্ত (১) নং স্মারকমূলে প্রস্তুতকৃত তালিকায় ৪০ নং ক্রমিকে নির্বাচিত হয়।

২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সূত্রোক্ত (২) ও (৩) নং স্মারকমূলে প্রকাশিত চূড়ান্ত তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির এসএসসি ভোকেশনার শাখার নাম বাদ দেয়া হয়।

৩। ফলে উক্ত প্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর জনাব জোসনা খাতুন গং ০৫ (পাঁচজন) কর্তৃক সংস্কৃত হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ১১০৬২/২০১৫ দায়ের করা হয়। তাছাড়া একই বিষয়ে অন্য একটি রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলা দায়ের করা হয়।

৪। রিট পিটিশন নং-১১০৬২/২০১৫ এবং ৩১৩০/২০১৬ মামলায় বিগত ২৬/০২/২০১৭ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রায়/নির্দেশনার অংশবিশেষ নিম্নরূপ-

" In the result, both the Rule are made absolute. The impugned memo no sim/sha-13/MPO-12/2009/209 dated 31.05.2010 so far as it relates to the cancellation of the name of the petitioner's School issued by the respondent No. 3 Senior Assistant Secretary, Shakha-13, Ministry of Education is hereby declared to have been passed without lawful authority and as such of no legal effect".

৫। বর্ণিত রিট মামলার রায়/নির্দেশনা সরকারের প্রতিকূলে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ১৪৮০/২০১৮ ও ১২৫৪/২০১৮ দায়ের করা হয়। গত ১৪/০৭/২০১৯ তারিখে মাননীয় আপীল আদালত কর্তৃক আপীল মামলা দুটির বিষয়ে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়-

"The leave petitions are out of time by 395 and 637 days respectively in C.P No 1480 of 2018 and C.P No. 1254 of 2018 but the explanations offered seeking condonation of delay are not at all satisfactory.

Accordingly, the leave petitions are dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৬। উক্ত রায়ের কপিসহ পিটিশনারগণ কর্তৃক উল্লিখিত প্রতিষ্ঠানটি (শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখাটি) এমপিওভুক্ত করার জন্য সচিব, টিএমইডি বরারব আবেদন করা হয়েছে।

৭। এখানে উল্লেখ্য যে, রিট পিটিশন নং-১১০৬২/২০১৫ মামলায় রায়ের এক জায়গায় উল্লেখ রয়েছে "The rule is not opposed by filling any affidavit in opposition" অর্থাৎ সরকার পক্ষে এ মামলায় ন্যূনতম কোন পদক্ষেপ না নেয়ায় মামলায় সরকার প্রতিকূলে রায় হয়েছে মর্মে স্পষ্ট হয়।

১০। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১০৬২/২০১৫ এবং ৩১৩০/২০১৬ মামলায় বিগত ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশ এবং উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে দায়েরকৃত সিপিএলএ নং-১৪৮০/২০১৮ ও ১২৫৪/২০১৮ এর ১৪/০৭/২০১৯ তারিখের আদেশের আলোকে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখাটি {এসএসসি (ভোক:) শাখা সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের সেপ্টেম্বর/২০১৯ মাস হতে এমপিওভুক্ত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সে সাথে এরূপ ঘটনার (সরকার পক্ষে এ মামলায় ন্যূনতম কোন পদক্ষেপ না নেয়া) পুনরাবৃত্তি রোধের নিমিত্ত চলমান মামলায় মনিটরিং বাড়ানোর জন্যও অনুরোধ করা হলো।

(মো:আ: খালেদ মিত্রা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। প্রধান শিক্ষক, শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়, ডাকঘর- গুনেরবাড়ী, উপজেলা-মাদারগঞ্জ, জেলা- জামালপুর।

৬। অফিস কপি/মাস্টার কপি।